# ককটেল বিস্ফোরণের ঘটনায় প্রয়োজনে পাটওয়ারীকে জিজ্ঞাসাবাদ: ডিএমপি



ছবি: সংগৃহীত

রাজধানীতে সাম্প্রতিক নাশকতা ও ককটেল বিস্ফোরণের ঘটনা নিয়ে নাসীরুদ্দীন পাটওয়ারীর দেওয়া বক্তব্যের বিষয়ে প্রয়োজন হলে তাকে জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে জানিয়েছেন ডিএমপির ঢাকা দক্ষিণের ক্রাইম অ্যান্ড প্রিভেনশনের যুগ্ম কমিশনার তোফায়েল আহমেদ মিয়া।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর মিন্টো রোডে ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

দক্ষিণ কেরানীগঞ্জের শ্যামপুর থানা থেকে ককটেল তৈরির বিপুল সরঞ্জাম ও ৯ হাজার মুখোশ উদ্ধারের ঘটনায় লালবাগ থানা যুবলীগের সাধারণ সম্পাদক জাহিদ হাসান ইমনকে গ্রেপ্তারের বিষয়ে ব্রিফিংটি আয়োজন করা হয়। তোফায়েল আহমেদ মিয়া জানান, গ্রেপ্তার ইমনের সঙ্গে নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মীদের যোগাযোগ রয়েছে।

সম্প্রতি এক বক্তব্যে নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, তাদের দাবিগুলো মেনে নিয়ে সংস্কার করা হলে ঢাকায় আর কোনো ককটেল বিস্ফোরণ ঘটবে না।

LENS ASIA